

বাংলাদেশি শিক্ষার্থী চায় ত্রিপুরা

আগরতলা (ভারত) প্রতিনিধি | আপডেট: ১৬:২২, জানুয়ারি ১৪, ২০১৭

০ ৩



ভারতের ত্রিপুরা রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলো বাংলাদেশি ছাত্রছাত্রীদের আকৃষ্ট করতে উদ্যোগ নিচ্ছে। ইতিমধ্যে ত্রিপুরার কেন্দ্রীয় সরকারি বা বেসরকারি বিশ্ববিদ্যালয়ে প্রতিবেশী বাংলাদেশের ছাত্রছাত্রীরা লেখাপড়া করছেন। কিন্তু বিশ্ববিদ্যালয়গুলো চাইছে, ভারতীয় ভাতাপ্রাপ্ত ছাত্রছাত্রীরা কলকাতা বা অন্যত্র যাওয়ার পশাপাশি বাংলাভাষী ত্রিপুরাতেও আসুক।

এ জন্য ত্রিপুরার কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের তরফে একটি দল আগামী মাসেই সীমান্তবর্তী ব্রাঞ্চণবাড়িয়া, সিলেট, কুমিল্লা, চট্টগ্রাম প্রভৃতি জেলায় শিক্ষার্থী টানতে প্রচারণায় যাবে। ভারত সরকারের মানবসম্পদ উন্নয়ন মন্ত্রণালয় পরিচালিত বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার নরেন্দ্র ভট্টাচার্য প্রথম আলোকে জানান, আরও বেশি করে বাংলাদেশি ছাত্রছাত্রী ত্রিপুরায় যাতে পড়তে আসে, তার জন্য বিশ্ববিদ্যালয়ের নিয়মনীতিতেও কিছু পরিবর্তন করা হয়েছে। তাঁর দাবি, এমবিএ, ইঞ্জিনিয়ারিং, সায়েন্সসহ বেশ কিছু বিষয়ে বাংলাদেশে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের চাহিদা রয়েছে। কিন্তু সঠিক যোগাযোগ না থাকায় তাঁরা শিক্ষার্থী সেভাবে পাচ্ছেন না।

বাংলাদেশি ছাত্রছাত্রীদের বিষয়ে ত্রিপুরার একমাত্র বেসরকারি বিশ্ববিদ্যালয় ইকফাইও বেশ সক্রিয়। বিশ্ববিদ্যালয়টির সহ-উপচার্য বিষ্ণব তালুকদার প্রথম আলোকে বলেন, তাঁদের ইঞ্জিনিয়ারিং ও এমবিএ বিভাগে ইতিমধ্যেই এক ছাত্রীসহ সাতজন বাংলাদেশি শিক্ষার্থী রয়েছে। তাঁরা এই সংখ্যাটি বাড়াতে বন্ধপরিকর।

বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জয়ন্ত চক্রবর্তী জানান, ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়া ও ডিজিটাল মার্কেটিংয়ের ওপর তাঁরা কোর্স শুরু করেছেন। ছাত্রছাত্রীদের মধ্যে এ দুটি কোর্সে ভালো সাড়া পাওয়া যাচ্ছে।